

‘শিক্ষাব্যবস্থার সীমাবদ্ধতা ও উত্তরণের উপায়’ শীর্ষক সংলাপ অনুষ্ঠিত

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৯ এপ্রিল ২০২৬, ২০:০০



Advertisement: 0:17

‘শিক্ষাব্যবস্থার সীমাবদ্ধতা ও উত্তরণের উপায়’ শীর্ষক সংলাপ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) বিকাল ৪টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে ‘এডুকেশন ওয়াচ’-এর উদ্যোগে এ সংলাপের আয়োজন করা হয়।

সংলাপে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ইন্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ফরিদ আহমদ সোবহানী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. আব্দুল লতিফ মাসুম, শিক্ষাবিদ ও কবি ড. অগাস্টিন ক্রুজ, বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক প্রিন্সিপাল নূরে আলম তালুকদার এবং প্রফেসর ড. মোহাম্মদ আনিসুর রহমান ফরাজী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন এডুকেশন ওয়াচের সম্পাদক মো. খলিলুর রহমান। এ সময় প্রতিষ্ঠাবার্ষিকী সংখ্যার কভার উন্মোচন, পত্রিকা বিতরণ এবং গ্রুপ ফটোসেশন অনুষ্ঠিত হয়।

সংলাপে বক্তারা দেশের বর্তমান শিক্ষাব্যবস্থার সীমাবদ্ধতা, নীতিগত ও বাস্তবায়নগত চ্যালেঞ্জ এবং গুণগত উন্নয়নের সম্ভাব্য পথ নিয়ে মতামত তুলে ধরেন। তারা শিক্ষার মানোন্নয়নে বাস্তবমুখী পরিকল্পনা, দক্ষতাভিত্তিক শিক্ষা, গবেষণার প্রসার এবং প্রযুক্তির কার্যকর ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে প্রবন্ধ পাঠ, সহ-সঞ্চালনা ও কবিতা আবৃত্তি করেন আইডি আক্তার। এছাড়া বিভিন্ন শিক্ষাবিদ, পেশাজীবী ও শিক্ষার্থীরা আলোচনায় অংশ নেন।

এডুকেশন ওয়াচের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ১৫ জন শিক্ষার্থীকে আজীবন সম্মাননা সনদ প্রদান করা হয়। এছাড়া ১৫ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মাননা স্মারক এবং চারটি ক্যাম্পাসভিত্তিক সংগঠনকে বিশেষ সম্মাননা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত পাঁচজন নারীকে বিশেষভাবে সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের শেষে আয়োজকরা আশা প্রকাশ করেন, এ ধরনের সংলাপ দেশের শিক্ষাব্যবস্থার উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে।